দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন
CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION
সিএন্ডএফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম- ৪১০০

# নির্বাচন কমিশনের দপ্তর

প্রচার পত্র নং- ০৬/২০২৫

তারিখ ঃ ১৪/০১/২০২৫ খ্রি.

## এসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদ নির্বাচন (২০২৫-২০২৭) তফশীল এর বিশেষ দ্রষ্টব্য নং- ১. এর সংশোধনী সম্পর্কে বিশেষ দৃষ্টি আকর্ষণ

সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে, নির্বাচন কমিশন আয়োজিত বিগত ০৮/০১/২০২৫ খ্রি. অনুষ্ঠিত মতবিনিময় সভায় উপস্থিত সদস্যবৃন্দের মধ্যে বেশি সংখ্যক সদস্য ঘোষিত নির্বাচনী তফশীল এর বিশেষ দ্রষ্টব্য নং-১ এ বর্ণিত "১. মনোনয়ন পত্র সংগ্রহ এবং দাখিলের ক্ষেত্রে নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীরা প্রতিষ্ঠানের লেটার হ্যাডে আবেদনের মাধ্যমে স্বয়ং অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে মনোনয়ন পত্র সংগ্রহ এবং দাখিল করতে পারবেন। ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধির ছবি ও স্বাক্ষর লেটার হ্যাডের মাধ্যমে আবেদনকারীকে সত্যায়িত করতে হবে।" এর বিষয়ে আপত্তি জানিয়ে তা সংশোধনীর জন্য জোর দাবী জানানো হয়েছে। সভায় উল্লেখিত বিশেষ দ্রষ্টব্যের পরিবর্তে বিগত নির্বাচনে ৩১/০১/২০২২ খ্রি. ঘোষিত নির্বাচনী তফশীল এ বর্ণিত বিশেষ দ্রষ্টব্য নং- ১ এর সাথে সামঞ্জস্য রেখে সংশোধনী আনয়নের প্রস্তাব করা হয়েছে।

উক্ত প্রস্তাবের বিষয়ে নির্বাচন কমিশন বিস্তারিত আলোচনা পর্যালোচনা করেছে। সৌহার্দ্যপূর্ণ পরিবেশে সকল সদস্যের অংশগ্রহণে ঐক্যমতের ভিত্তিতে একটি নির্বাচন আয়োজনের জন্য নির্বাচন কমিশন সচেষ্ট রয়েছে। তাই বিগত ০৮/০১/২০২৫ খ্রি. অনুষ্ঠিত মতবিনিময় সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের উত্থাপিত প্রস্তাবের প্রতি সম্মান রেখে নির্বাচন কমিশন ঘোষিত নির্বাচনী তফশীল এর বিশেষ দ্রষ্টব্য নং-১ সংশোধনের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এপ্রেক্ষিতে ঘোষিত নির্বাচনী তফশীল এর বিশেষ দ্রষ্টব্য-১ এ বর্ণিত "মনোনয়ন পত্র সংগ্রহ এবং দাখিলের ক্ষেত্রে নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীরা প্রতিষ্ঠানের লেটার হ্যাডে আবেদনের মাধ্যমে স্বয়ং অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে মনোনয়ন পত্র সংগ্রহ এবং দাখিল করতে পারবেন। ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধির ছবি ও স্বাক্ষর লেটার হ্যাডের মাধ্যমে আবেদনকারীকে সত্যায়িত করতে হবে। " এর স্থলে বিশেষ দ্রষ্টব্য-১ এ **"প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের প্রতিষ্ঠানের লেটার হ্যাডে আবেদনের মাধ্যমে স্বয়ং মনোনয়ন পত্র সংগ্রহ এবং দাখিল করতে হবে।"** মর্মে সংশোধন করা হলো।

14/01/25

আলহাজ্ব মোহাম্মদ শরিফ
প্রধান নির্বাচন কমিশনার